দৈনিক ইনকিলাব

63

তারিখ ... AUG 03 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...




*রাজশাহী অফিস ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধ এবং পবিত্র কোরআনের অবমাননার প্রতিবাদে ইসলামী শাসনতন্ত্র আন্দোলন নগরীতে এক বিক্ষোভ মিছিল বের করে —ইনকিলাব*

## মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে কক্সবাজারে জমিয়াতুল মোদারেছীনের সমাবেশ

**কক্সবাজার জেলা সংবাদদাতা ঃ** মাদ্রাসা শিক্ষা জাতীয় শিক্ষা ব্যবস্থার এক অবিচ্ছেদ্য অংশ। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশ বাংলাদেশের বৃহত্তর জনগোষ্ঠীর ইমান-আকীদার রক্ষাকবচ শতকরা ৯০ জন মুসলমানের ধর্মীয় শিক্ষা ব্যবস্থা যুগে যুগে জাতি গঠনে গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করে আসছে। বর্তমান সরকারে প্রধানমন্ত্রী মাথায় পট্টি বেঁধে, হাতে তসবীহ নিয়ে, লাইলাহা ইল্লাল্লাহ নৌকার মালিক তুই আল্লাহ শ্লোগান দিয়ে ক্ষমতায় এসে দেশব্যাপী শত শত বেসরকারী মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, হাজার হাজার শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তি বাতিলের ষড়যন্ত্রমূলক সিদ্ধান্ত দিয়ে প্রমাণ করেছে, ধর্মনিরপেক্ষ এই সরকার ভারতের তাঁবেদার। কক্সবাজার জেলা শাখা জমিয়াতুল মোদারেছীনের উদ্যোগে আয়োজিত এক মহাসমাবেশে বক্তারা একথা বলেন।

গত ২৯ জুলাই কক্সবাজার পাবলিক হলের মাঠে আয়োজিত এ মহাসমাবেশে সভাপতিত্ব করেন জেলা জমিয়াতের সভাপতি মাওলানা মুজহের আহমদ। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা জমিয়াতুল মোদারেছীনের সহ-সভাপতি আলহাজ্ব মাওলানা মুছলেহ উদ্দীন। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মাওলানা আ স ম শামসুল আলম চৌধুরী। বক্তব্য রাখেন অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ ছৈয়দ নূর, অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ আয়ুব, মাওলানা সফিউল আলম জেহাদী প্রমুখ। সমাবেশ শেষে জেলা জমিয়াতুল মোদারেছীনের নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী বরাবরে দেয়া এক স্মারকলিপি কক্সবাজারের জেলা প্রশাসকের কাছে হস্তান্তর করেন। বক্তারা আরো বলেন, অবিলম্বে মাদ্রাসা শিক্ষার প্রতি এই বিমাতা সুলভ আচরণ বন্ধ করার ব্যাপারে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী সুস্পষ্ট কোন ঘোষণা না দিলে দেশের সকল আপামর মুসলিম তোহিদী জনতাকে নিয়ে দেশব্যাপী কঠোর আন্দোলনের কর্মসূচীর মাধ্যমে সরকার পতনের পাগলা ঘন্টা বাজানো হবে।

## মাদ্রাসা শিক্ষা বন্ধের বিরুদ্ধে চট্টগ্রাম মহানগর ছাত্র হিযবুল্লাহর প্রতিবাদ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ চট্টগ্রাম মহানগরী শাখার সভাপতি জি. এম মুজিবুর রহমান ও সেক্রেটারী জেনারেল মাওঃ আব্দুর রহমান খান এক যুক্ত বিবৃতিতে বলেন, বর্তমান সরকার যখন ভারতের দালালী, ক্লিনটনের গোলামী ও ইহুদীবাদের প্রচারণায় ব্যস্ত তখন এদেশের আলেম সমাজ একমাত্র বাধা। তাই আওয়ামী সরকার চাচ্ছে কিভাবে আলেম সমাজ তথা তৌহিদী জনতার মুখ বন্ধ করা যায়। একটি কথা আছে, "যদি কোন জাতিকে ধ্বংস করতে চাও তাহলে সে জাতির শিক্ষাকে ধ্বংস করে দাও"। আর সে উদ্দেশ্যেই বন্ধ করা হচ্ছে [illegible] শিক্ষা [illegible]

## মৌলভীবাজারে মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বিক্ষোভ ও স্মারকলিপি পেশ

**মৌলভীবাজার জেলা সংবাদদাতা ঃ** জেলা শহরের শাহ মোস্তফা সড়কের অস্থায়ী কার্যালয়ে তানজিমুল মাদারিস বাংলাদেশের অতিসম্প্রতি এক সভা অনুষ্ঠিত হয়। রাজনগর আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তানজিমুল মাদারিসের কেন্দ্রীয় অফিস সম্পাদক মাওঃ খলিলুর রহমান। সভায় বক্তব্য রাখেন মাওঃ আব্দুল কাদির, মাওঃ আঃ লতিফ, মাওঃ খলিলুর রহমান, মাওঃ সুলতান আহমদ, মাওঃ ইদ্রিছ আলী, মাওঃ রেজাউল হক প্রমুখ। বক্তারা সরকারের মাদ্রাসা বন্ধের হীন সিদ্ধান্তের তীব্র নিন্দা জানান এবং ক্ষোভ প্রকাশ করেন ও অবিলম্বে মাদ্রাসার স্বীকৃতি বাতিল, এমপিওভুক্তি বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের জোর দাবী জানান। সভায় তানজিমুল মাদারিসের পূর্ণাঙ্গ মৌলভীবাজার জেলা কমিটি গঠনের লক্ষ্যে ২৫ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়। সভা শেষে মৌলভীবাজার জেলা প্রশাসকের কাছে মাদ্রাসা শিক্ষা বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে এক স্মারকলিপি পেশ করা হয়।